শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

৩৫তম

# বার্ষিক প্রতিবেদন

২০২৩




## ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও

ঠাকুরগাঁও প.বি.স.

ISO 9001:2015 Certified

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

## জগন্নাথপুর, ঠাকুরগাঁও

## সূচিপত্র


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | এক নজরে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি | ০১ |
| ২ | চেয়ারম্যান মহোদয়ের বাণী | ০২ |
| ৩ | সভাপতির প্রতিবেদন | ০৩ |
| ৪ | কোষাধ্যক্ষের প্রতিবেদন | ০৪-০৫ |
| ৫ | জেনারেল ম্যানেজারের প্রতিবেদন | ০৬ |
| ৬ | গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি | ০৭ |
| ৭ | সমিতি বোর্ড/ এসওডি বিভাগ/ আইন উপদেষ্টা/ রিটেইনার ডাক্তার পরিচিতি | ০৮ |
| ৮ | সমিতি ব্যবস্থাপনা পরিচিতি | ০৯ |
| ৯ | স্থিরচিত্রে সমিতির কর্মকাণ্ড | ১০-১১ |
| ১০ | সিটিজেন চার্টার | ১২-১৪ |



**সার্বিক নির্দেশনায়**

**মো: মাহফুজুর রহমান**
জেনারেল ম্যানেজার (চ:দা:)
ঠাকুরগাঁও পবিস

**সম্পাদনায়**

**মো: মাহমুদুল হাসান মেহেদী**
এজিএম (এমএস) (অ:দা:)
ঠাকুরগাঁও পবিস

**মো: আশরাফুল ইসলাম**
ওয়্যারিং পরিদর্শক
ঠাকুরগাঁও পবিস


"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

# এক নজরে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
## (ডিসেম্বর/২০২৩ খ্রিঃ পর্যন্ত)।

| | | | |
|---|---|---|---|
| ০১। | সমিতির সদর দপ্তর | ঃ | জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ০২। | সমিতি নিবন্ধিকরণের তারিখ | ঃ | ২৮/০২/১৯৮৫ খ্রি.। |
| ০৩। | আনুষ্ঠানিক বিদ্যুতায়নের তারিখ | ঃ | ১৮/০২/১৯৮৭ খ্রি.। |
| ০৪। | আয়তন | ঃ | ৩,১৯৮ বর্গ কিঃ মিঃ। |
| ০৫। | অন্তর্ভুক্ত উপজেলা | ঃ | ১০ টি (ঠাকুরগাঁও সদর, বালিয়াডাঙ্গী, পীরগঞ্জ, রাণীশংকৈল, হরিপুর, পঞ্চগড় সদর, বোদা, দেবীগঞ্জ, আটোয়ারী ও তেঁতুলিয়া)। |
| ০৬। | অন্তর্ভুক্ত ইউনিয়ন/ পৌরসভার সংখ্যা | ঃ | ৯৬/০৪ টি। |
| ০৭। | অন্তর্ভুক্ত গ্রাম | ঃ | ১,৯৬৩ টি। |
| ০৮। | বিদ্যুতায়িত গ্রাম | ঃ | ১,৯৬৩ টি। |
| ০৯। | অন্তর্ভুক্ত এলাকার জনসংখ্যা | ঃ | প্রায় ২৫,২১,৫৩৮ জন। |
| ১০। | পরিবার | ঃ | প্রায় ৬,২৭,৪৮২ টি। |
| ১১। | এলাকা সংখ্যা | ঃ | ০৭ টি। |
| ১২। | এলাকা পরিচালক | ঃ | ০৪ জন। |
| ১৩। | মনোনীত এলাকা পরিচালক | ঃ | ০৩ জন। |
| ১৪। | মহিলা পরিচালক | ঃ | ০৩ জন। |
| ১৫। | কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | ঃ | ৮০৭ জন। |
| ১৬। | জোনাল অফিস | ঃ | ০৬ টি (পঞ্চগড়, পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী, রুহিয়া, দেবীগঞ্জ ও রাণীশংকৈল)। |
| ১৭। | সাব-জোনাল অফিস | ঃ | ০৩ টি (বোদা, আটোয়ারী ও হরিপুর)। |
| ১৮। | এরিয়া অফিস | ঃ | ০৩ টি (গড়েয়া, ভূল্লী ও ময়দানদিঘী)। |
| ১৯। | অভিযোগ কেন্দ্র | ঃ | ১১টি (হরিহরপুর, ভাউলাগঞ্জ, নেকমরদ, দেবনগর, নয়াদিঘী, লাহিড়ী, শিবগঞ্জ, টেপ্রিগঞ্জ, বৈরচুনা, টুনিরহাট ও ফুলবাড়ী)। |
| ২০। | নির্মিত লাইন | ঃ | ১৩,৪২৯ কিঃ মিঃ। |
| ২১। | বিদ্যুতায়িত লাইন | ঃ | ১৩,৪২৯ কিঃ মিঃ। |
| ২২। | বিদ্যুতায়িত লাইনে স্থাপিত ট্রান্সফরমারের সংখ্যা | ঃ | ২৯,৪৩৬ টি। |
| ২৩। | সংযোগ সুবিধা সৃষ্টি | ঃ | ৬,২৮,৪৩৩ জন। |
| ২৪। | মোট গ্রাহক সংখ্যা | ঃ | ৬,২৮,৪৩৩ জন। |
| | ক) আবাসিক | ঃ | ৫,৫১,৯২৪ জন। |
| | খ) বাণিজ্যিক | ঃ | ৪৩,৯৭৭ জন। |
| | গ) গভীর নলকূপ | ঃ | ২,০৮৪ টি। |
| | ঘ) অগভীর নলকূপ | ঃ | ১৪,০৮৯ টি। |
| | ঙ) এলএলপি | ঃ | ৫৬ টি। |
| | চ) ক্ষুদ্র শিল্প | ঃ | ৪,৯৩৪ টি। |
| | ছ) বৃহৎ শিল্প | ঃ | ১০৪ টি। |
| | জ) দাতব্য প্রতিষ্ঠান | ঃ | ১১,০৩৮ টি। |
| | ঝ) রাস্তার বাতি ও অন্যান্য | ঃ | ২২৭ টি। |
| ২৫। | উপকেন্দ্রের সংখ্যা | ঃ | ১৯ টি। |
| ২৬। | উপকেন্দ্রের ক্ষমতা | ঃ | ২৫৫ এমভিএ। |
| ২৭। | বিল আদায়ের হার (রিবেট ব্যতীত) | ঃ | ৯৪.০২% (ডিসেম্বর/২৩ পর্যন্ত)। |
| | | ঃ | ৯৮.৭৭% (জুন/২৩ পর্যন্ত)। |
| ২৮। | সিস্টেম লস (বিলিং মিটার) | ঃ | ১০.৮৮ % (ইয়ার টু ডেট ২০২২-২৩ অর্থ বছর)। |
| | | ঃ | ৮.৪৩ % (ডিসেম্বর/২৩ পর্যন্ত)। |
| ২৯। | বকেয়া মাস (রিবেট ব্যতীত) | ঃ | ১.২ মাস (ডিসেম্বর/২৩ পর্যন্ত)। |
| | | ঃ | ০.৯৩ মাস (জুন/২৩ পর্যন্ত)। |



# চেয়ারম্যান এর বাণী

০১॥ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি মহাবিজয়ের মহানায়ক স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে বর্ণিত আছে "নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন"। বঙ্গবন্ধু পল্লী অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের গুরুত্ব আরোপ করে বলেছিলেন, "বিদ্যুৎ ছাড়া কোন কাজ হয় না, কিন্তু দেশের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ লোক যে শহরের অধিবাসী সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকিলেও শতকরা ৮৫ জনের বাসস্থান গ্রামে বিদ্যুৎ নাই। গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রাম বাংলার সর্বক্ষেত্রে উন্নতি হইবে। বন্যা নিয়ন্ত্রণ ও গ্রামে গ্রামে বিদ্যুৎ চালু করিতে পারিলে কয়েক বছরের মধ্যে আর বিদেশ হইতে খাদ্য আমদানি করিতে হইবেনা"(সূত্রঃ দৈনিক ইত্তেফাক ১১ জুলাই, ১৯৭৫)। জাতির পিতার সুদূরপ্রসারী এ চিন্তা ভাবনার ধারাবাহিকতায় পল্লীর জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) প্রতিষ্ঠা করা হয়।

০২॥ বর্তমানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) সমগ্র বাংলাদেশে গ্রামীণ এলাকায় বিদ্যুতায়নের কাজে নিয়োজিত রয়েছে। ইতোমধ্যে দেশের পল্লী অঞ্চলের শতভাগ এলাকা বিদ্যুতায়ন করা হয়েছে। ডিসেম্বর'২০২৩ খ্রিঃ পর্যন্ত পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন গ্রাহক সংখ্যা প্রায় ৩ কোটি ৫৮ লক্ষ, মোট বিদ্যুতায়িত লাইনের পরিমাণ ৫ লক্ষ ৩৭ হাজার ৭৯ কি.মি., মোট নির্মিত উপকেন্দ্রের সংখ্যা ১,৩০৩ টি, যার মোট ক্ষমতা প্রায় ১৭,৫৫৫ এমভিএ, সিস্টেম লস ৭.০৮% (প্রভিশনাল), ২০২৩-২০২৪ অর্থ-বছরের নভেম্বর'২০২৩ পর্যন্ত মাসিক গড় বিদ্যুৎ বিক্রয়ের পরিমাণ প্রায় ৩২১৯.৫২ কোটি টাকা এবং পবিসসমূহের সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা ছিল গত ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখে ৯,৮০১ মেগাওয়াট। জাতীয় চাহিদার প্রায় শতকরা ৬০ ভাগ বিদ্যুৎ বাপবিবো এর মাধ্যমে ব্যবহৃত হয়।

০৩॥ "শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ" এই মহতী স্বপ্ন ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ "আলোর ফেরিওয়ালা" হয়ে ঘরে ঘরে গিয়ে বিদ্যুৎ সেবা প্রদান করছেন। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাপবিবো কর্তৃক "উঠান বৈঠক" কার্যক্রম চালু করা হয়েছে। এছাড়া সকল ধরণের সংযোগের ক্ষেত্রে বিনামূল্যে ৮০ কিলোওয়াট পর্যন্ত ট্রান্সফরমার সরবরাহের কারণে বহুমুখী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। গ্রামাঞ্চলে বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর কারণে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার "আমার গ্রাম আমার শহর" বাস্তবায়নের কাজ ত্বরান্বিত ও সহজতর হয়েছে।

০৪॥ আমি অবহিত হয়েছি যে, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি বিগত ১৮/০২/১৯৮৭ খ্রিষ্টাব্দে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ বিতরণ শুরু করেছে। এ সমিতি কর্তৃক ডিসেম্বর'২০২৩ খ্রিঃ পর্যন্ত ১৩,৪২৯ কি.মি. লাইন নির্মাণ করে মোট ৬,২৮,৪৩৩ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বিগত বছরসমূহের খুচরা বিক্রয় মূল্যের তুলনায় পাইকারী বিক্রয় মূল্যের হার বেশি হওয়ায় এবং পল্লী এলাকার বিশাল অংশজুড়ে বিতরণ নেটওয়ার্ক পরিচালনা করার কারণে পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালনায় আর্থিক ঘাটতি দেখা দিয়েছে। বিতরণ ব্যবস্থার উন্নয়ন করে, সিস্টেম লস কমিয়ে ও বিদ্যুতের চুরি/অপচয় রোধ করে পরিচালন ব্যয়ের ঘাটতি মোকাবেলার জন্য বাপবিবো/পবিসের কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/গ্রাহক সদস্যবৃন্দকেও সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

০৫॥ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদেরকে একটি স্বাধীন দেশ ও লাল সবুজের পতাকা এনে দিয়েছেন ও সুখী সমৃদ্ধশালী সোনার বাংলা গড়নের স্বপ্ন দেখিয়েছিলেন। আর তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সারাদেশকে বিদ্যুতায়নের আওতায় নিয়ে আসতে সক্ষম হয়েছি। মাননীয় প্রধানমন্ত্রী স্মার্ট বাংলাদেশ গঠনের উদ্দেশ্যে ভিশন-২০৪১ ঘোষণা দিয়েছেন। যেখানে থাকবে শতভাগ ডিজিটাল অর্থনীতি, পেপারলেস ও ক্যাশলেস সোসাইটি এবং স্বয়ংক্রিয় যোগাযোগ ব্যবস্থা। এসকল মাইলস্টোন বাস্তবায়নে আমাদের নিরবচ্ছিন্ন, মানসম্মত বিদ্যুৎ এবং উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ৩৫তম বার্ষিক সাধারণ সভায় বুদ্ধিদীপ্ত, দক্ষ, উদ্ভাবনী, সৃজনশীল, প্রগতিশীল, অসাম্প্রদায়িক চেতনায় জাগ্রত দেশপ্রেমিক স্মার্ট নাগরিক হিসেবে মহান মুক্তিযুদ্ধের চেতনায় সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করতে উদাত্ত আহবান জানাচ্ছি। একই সাথে আমি ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সর্বাঙ্গীন সাফল্য ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা।

**অজয় কুমার চক্রবর্ত্তী**
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড



# "সভাপতির প্রতিবেদন"

"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ৩৫ তম বার্ষিক সদস্য সভায় বসন্তের এই সুন্দর সকালে সকল কর্মব্যস্ততা কাটিয়ে উপস্থিত সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ, সমিতি পরিচালনা বোর্ডের পরিচালক মণ্ডলী ও মহিলা পরিচালকবৃন্দ, পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও উপস্থিত সুধীমণ্ডলী, আসসালামু আলাইকুম ।

**সম্মানিত উপস্থিতি,**

আজকের এই আনন্দঘন দিনে দূর-দূরান্ত থেকে কষ্ট স্বীকার করে আজকের এই মহতী সভায় উপস্থিত হওয়ার জন্য সমিতি বোর্ড এবং আমার পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা। ১৯৮৭ সালের ফেব্রুয়ারি মাসে বাণিজ্যিক ভাবে কার্যক্রম শুরুর পর থেকে ডিসেম্বর/২০২৩ খ্রি. পর্যন্ত ১৩,৪২৯ কিলোমিটার লাইন নির্মাণের মাধ্যমে বিভিন্ন শ্রেণির মোট ৬,২৮,৪৩৩ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এর মধ্যে ৫০৩৮ টি শিল্প এবং ১৬২২৯ টি সেচ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করার ফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ এ অঞ্চলের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা সম্ভব হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে শতভাগ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

**সম্মানিত সুধীমণ্ডলী,**

বর্তমানে ট্রান্সফরমার চুরির পরিমান অত্যাধিক বৃদ্ধি পেয়েছে। এতে করে গ্রাহক এবং সমিতি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আন্তর্জাতিক বাজারে দ্রব্য মূল্যের দাম বৃদ্ধি এবং সরবরাহ কমার কারনে এ সমস্ত মূল্যবান যন্ত্রপাতি আমদানী করা দুরূহ হয়ে পড়েছে। এছাড়াও কিছু কিছু অসাধু ব্যক্তি অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করছেন। যার ফলে সমিতি ও গ্রাহক আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সমিতির স্বল্পসংখ্যক কর্মকর্তা/কর্মচারী এবং আইন প্রয়োগকারী সংস্থার পক্ষে এই চুরি রোধ করা সম্ভব নয়। তাই সম্মানিত গ্রাহক সদস্যসহ সর্বস্তরের জনগনকে ট্রান্সফরমার ও বিদ্যুৎ চুরি রোধে সহযোগিতা করার জন্য আহবান জানাচ্ছি।

**সম্মানিত গ্রাহক-সদস্যবৃন্দ,**

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতি নগদ মূল্যে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহক সদস্যদের মাঝে সরবরাহ করে থাকে। কিন্তু দুঃখজনক হলেও সত্য, কিছু সংখ্যক গ্রাহক বিদ্যুৎ বিল সময়মত পরিশোধ করেন না। এতে করে সমিতির কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যুৎ বিল আদায়ে ব্যস্ত থাকার কারণে অন্যান্য কাজ ব্যাহত হয় যা মোটেও কাম্য নয়। তাই সম্মানিত গ্রাহক-সদস্যদের যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য আহবান জানাচ্ছি। বিদ্যুৎ লাইনের নিচে/পার্শ্বে গাছের ডালপালা বিদ্যুৎ লাইনের সঙ্গে লেগে থাকলে বিদ্যুৎ সরবরাহ বিঘ্ন ঘটার পাশাপাশি সিস্টেম লস বৃদ্ধি পায় ও দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। তাই ছয় মাস পরপর সমিতির লোকজন গাছের ডালপালা কাটতে যায়; তাদেরকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**সম্মানিত সুধীবৃন্দ,**

সন্ধ্যা ৬.০০ ঘটিকা হতে রাত ১১.০০ ঘটিকা পর্যন্ত আমাদের সকলেরই বিদ্যুতের চাহিদা বেড়ে যায়। এই সময়ে কল-কারখানা, ওয়ার্কসপ, সেচের মোটর বন্ধ রেখে এবং একান্ত প্রয়োজন ছাড়া অন্যান্য লোডসমূহ ব্যবহার না করে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অনুরোধ করছি। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে বর্তমান সরকার সকল ধরনের প্রচেষ্টা অব্যাহত রেখেছেন এবং বর্তমান সরকার বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মাধ্যমে এক দূরদর্শী সিদ্ধান্তের মাধ্যমে অত্র সমিতির সকল এলাকায় শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। এজন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ব্যবস্থাপনাকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। পরিশেষে দূর-দূরান্ত থেকে কষ্ট স্বীকার করে এসে এ অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করার জন্য সকলকে ধন্যবাদ। খোদা হাফেজ।

জয় বাংলা

**মোঃ মিজানুর রহমান**
সভাপতি, সমিতি বোর্ড
ঠাকুরগাঁও পবিস



# কোষাধ্যক্ষের প্রতিবেদন

সম্মানিত সভাপতি, সমিতি বোর্ডের পরিচালকমণ্ডলী, দূর-দূরান্ত থেকে আগত গ্রাহক-সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত অতিথি ও সুধীবৃন্দ, উপস্থিত সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

"লাভ নয়, লোকসান নয়" এই মূলনীতির উপর ভিত্তি করে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি প্রতিষ্ঠা লাভ করে। অতএব স্বাভাবিকভাবেই সমিতির উন্নতি এবং অবনতির সাথে গ্রাহক-সদস্যদের স্বার্থ জড়িত। কারণ বিদ্যুৎ ক্রয়ের সাথে পরিচালন ব্যয়, বিদ্যুৎ সরবরাহজনিত ঘাটতি যোগ করে সমিতির বিদ্যুতের হার নির্ধারণ করা হয়। কাজেই গ্রাহক-সদস্যদের নিজেদের স্বার্থেই সমিতির সমস্ত সম্পদ রক্ষণাবেক্ষণ এবং বিদ্যুৎ চুরি রোধ করা একান্ত প্রয়োজন। তাছাড়া যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধের মাধ্যমে সমিতিকে গতিশীল রাখা সকল সচেতন গ্রাহক-সদস্যদের দায়িত্ব। আর এই দায়িত্ব এবং কর্তব্যকে সামনে রেখে আপনাদের সামনে ২০২২-২০২৩ অর্থ বছরের আয় ব্যয়ের বিবরণী উপস্থাপন করছি।

| ক্র. নং | বিবরণ | পরিমাণ (টাকা) | |
|---|---|---|---|
| ০১ | পরিচালনার আয় (বিদ্যুৎ বিক্রয় মূল্য) | ৩২৩৬২৮৩২৩৬ | (তিনশত তেইশ কোটি বাষট্টি লক্ষ তিরাশি হাজার দুইশত ছত্রিশ) |
| ০২ | অন্যান্য পরিচালন আয় | ১৪০১৭৮৯০৯ | (চৌদ্দ কোটি এক লক্ষ আটাত্তর হাজার নয়শত নয়) |
| ০৩ | মোট পরিচালন আয় (১+২) | ৩৩৭৬৪৬২১৪৫ | (তিনশত সাঁইত্রিশ কোটি চৌষট্টি লক্ষ বাষট্টি হাজার একশত পঁয়তাল্লিশ) |
| ০৪ | বিদ্যুৎ ক্রয় খাতে ব্যয় | ২৫৩২৫৮১১৭৩ | (দুইশত তিপ্পান্ন কোটি পঁচিশ লক্ষ একাশি হাজার একশত তিয়াত্তর) |
| ০৫ | বিতরন ব্যয় (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) | ১৯০০১০৬৩৯ | (উনিশ কোটি দশ হাজার ছয়শত উনচল্লিশ) |
| ০৬ | বিদ্যুৎ বিক্রয় খাতে ব্যয় | ১৯৬২৮৯৭৬১ | (উনিশ কোটি বাষট্টি লক্ষ উননব্বই হাজার সাতশত একষট্টি) |
| ০৭ | প্রশাসনিক ও সাধারণ ব্যয় | ১১৯১৬৭৯২৫ | (এগারো কোটি একানব্বই লক্ষ সাতষট্টি হাজার নয়শত পঁচিশ) |
| ০৮ | মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে ব্যয় (৪+৫+৬+৭) | ৩০৩৮০৪৯৪৯৯ | (তিনশত তিন কোটি আশি লক্ষ উনপঞ্চাশ হাজার চারশত নিরানব্বই) |
| ০৯ | অবচয় খাতে ব্যয় | ৬৯৭১০০৮০৩ | (উনসত্তর কোটি একাত্তর লক্ষ আটশত তিন) |
| ১০ | কর খাতে ব্যয় | ৮৮৯৮৫২৬ | (আটাশি লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ছাব্বিশ) |
| ১১ | দীর্ঘ মেয়াদী ঋনের সুদ | ২২২১৭২২৭৭ | (বাইশ কোটি একুশ লক্ষ বাহাত্তর হাজার দুইশত সাতাত্তর) |
| ১২ | বিদ্যুৎ সরবরাহ খাতে মোট ব্যয় (৮+৯+১০+১১) | ৩৯৬৬২২১১০৫ | (তিনশত ছিয়ানব্বই কোটি বাষট্টি লক্ষ একুশ হাজার একশত পাঁচ) |
| ১৩ | অপারেটিং মার্জিন (৩-১২) | ৫৮৯৭৫৮৯৬০ | ( আটান্ন কোটি সাতানব্বই লক্ষ আটান্ন হাজার নয়শত ষাট) |
| ১৪ | সরকারী ভর্তুকী | ০০ | |
| ১৫ | নন অপারেটিং মার্জিন সুদ | ৮০৮৫৮৯০৬ | (আট কোটি আট লক্ষ আটান্ন হাজার নয়শত ছয়) |
| ১৬ | নন অপারেটিং মার্জিন অন্যান্য | ৩২২১৩৪১৯ | (তিন কোটি বাইশ লক্ষ তের হাজার চারশত উনিশ) |
| ১৭ | নীট মার্জিন (১৩+১৪+১৫+১৬) | ৪৭৬৬৮৬৬৩৪ | (সাতচল্লিশ কোটি ছেষট্টি লক্ষ ছিয়াশি হাজার ছয়শত চৌত্রিশ) |

# উদ্বৃত্ত পত্র (ব্যালেন্স শীট)

## ৩০ জুন, ২০২৩ খ্রি. পর্যন্ত

| ক্রমিক নং | সম্পত্তি ও অন্যান্য ডেবিট | টাকা |
|---|---|---|
| | **ব্যবহার উপযোগি চালু প্লান্ট** | |
| ০১ | ব্যবহার উপযোগি চালু প্লান্ট | ১৩২৭৭৪৭৫৩৫৫/= |
| ০২ | ক্রমপুঞ্জিত অবচয় সংরক্ষণ | ৪২৯৪৩৩৫২২০/= |
| ০৩ | নীট ব্যবহার উপযোগী প্লান্ট (১-২) | ৮৯৮৩১৪০১৩৪/= |
| ০৪ | নির্মাণাধীন কাজ | ১৯৪৮২১৭৯৬২/= |
| ০৫ | মোট ব্যবহার উপযোগী প্লান্ট (৩+৪) | ১০৯৩১৩৫৮০৯৭/= |
| | **বিনিয়োগ** | |
| ০৬ | ডোনেশন রিজার্ভ ফান্ড | ৬০৬৪৪৬৫৫/= |
| ০৭ | রিপ্লেসমেন্ট রিজার্ভ ফান্ড | ৬৭৪১১২৬৫৩/= |
| ০৮ | আরইবি রিভলভিং ফান্ড | ০০ |
| ০৯ | ইনভেস্টমেন্ট ইন এসোসিয়েটস কোম্পানী | ০০ |
| ১০ | বিশেষ তহবিল অন্যান্য | ১৩৯২১১৩৫৪৭/= |
| ১১ | মোট বিনিয়োগ (৬-১০ পর্যন্ত) | ২১২৬৮৭০৮৫৫/= |
| | **চলতি ও প্রাপ্তব্য সম্পত্তি** | |
| ১২ | নগদ | ৩৯৬১১৮০৪১/= |
| ১৩ | ইমপ্রেস ফান্ড | ২৮৫০০০/= |
| ১৪ | অস্থায়ী বিনিয়োগ | ০০ |
| ১৫ | বিশেষ জমা | ৭০০০/= |
| ১৬ | হিসাবের খাতে প্রাপ্য বিদ্যুৎ | ২৯৮৩৮৪০৭১/= |
| ১৭ | অনাদায়ীযোগ্য হিসাব সঞ্চিতি | ১১৯৭০৩৮১৭ /= |
| ১৮ | হিসাবের খাতে প্রাপ্য অন্যান্য | ২৬৯৩৭০০১১/= |
| ১৯ | মালামাল ও সরবরাহ বিবিধ | ২৮১৫০০৯১৮/= |
| ২০ | মালামাল ও সরবরাহ মারচেইনডাউস | ৫৭৮৯৯৫/= |
| ২১ | অগ্রিম পরিশোধ | ৩৬০০০০/= |
| ২২ | অন্যান্য চলতি ও প্রাপ্ত সম্পদ | ১২৪৫৫৭০২২/= |
| ২৩ | মোট চলতি ও প্রাপ্ত সম্পদ (১২-২২ পর্যন্ত) | ১২৫১৪৫৭২৪৩/= |
| | **ডেফার্ড ডেবিট** | |
| ২৪ | এক্সট্রা অর্ডিনারী প্রপার্টি লসেস | ১১৫৩৮৬৬৬৫/= |
| ২৫ | প্রিলিমিনারী সার্ভে/ইনভেস্টিগিশন চার্জ | ০০ |
| ২৬ | আনক্লাসিফাইড ব্যয় | ১৭৩৬২৮৬৪২/= |
| ২৭ | টেম্পোরারী ফ্যাসিলিটি | ০০ |
| ২৮ | অন্যান্য ডেফার্ড ডেবিট | ৫২২০১১/= |
| ২৯ | মোট ডেফার্ড ডেবিট (২৪-২৮ পর্যন্ত) | ২৮৯৫৩৭৩১৮/= |
| ৩০ | মোট সম্পত্তি ও অন্যান্য পাওনা (৫+১১+২৩+২৯) | ১৪৫৯৯২২৩৫১৪/= |

| ক্রমিক নং | সম্পত্তি ও অন্যান্য ডেবিট | টাকা |
|---|---|---|
| | **ইকুইটি মার্জিন** | |
| ০১ | মেম্বার শীপ ইস্যু | ৭৭৪৯২০/= |
| ০২ | মেম্বার শীপ আনইস্যু | ২৫৩৩৪৪৫০/= |
| ০৩ | অপারেটিং মার্জিন (পূর্ববতী বৎসর) | (২২৯২৫৩২৯২৬) /= |
| ০৪ | অপারেটিং মার্জিন (চলতি বৎসর) | (৫৮৯৭৫৮৯৬০) /= |
| ০৫ | অপারেটিং মার্জিন (সরকারী ভর্তুকী) | ১৮২৯৯৪৪৭/= |
| ০৬ | নন অপারেটিং মার্জিন (পূর্ববতী বৎসর) | ৭৪২৯৪৩৩২৭/= |
| ০৭ | নন অপারেটিং মার্জিন (চলতি বৎসর) | ১১৩০৭২৩২৫/= |
| ০৮ | দানকৃত মূলধন ও মূলধনী লাভ | ৪০০৪৭০৩৭১/= |
| ০৯ | মোট মার্জিন ও ইকুইটি (০১-০৮ পর্যন্ত) | (১৫৮১৩৯৭০৪৪) /= |
| | **দীর্ঘ মেয়াদী ঋণ** | |
| ১০ | পবিবোর্ড হইতে নগদ ঋণ | ০০ |
| ১১ | পবিবোর্ড ঋণ কাইন্ড | ১০২১৬২৫৬৮৭০/= |
| ১২ | পবিবোর্ড হইতে গৃহীত ঋণ প্রভিশনাল | ১৭৭৭৮৪৭২৪২/= |
| ১৩ | পবিবোর্ড ঋণ অন্যান্য | ০০ |
| ১৪ | মোট দীর্ঘ মেয়াদী ঋণ (১০-১৩ পর্যন্ত) | ১১৯৯৪১০৪১১২/= |
| | **অন্যান্য দীর্ঘ মেয়াদী দায়** | |
| ১৫ | গ্রাহক জামানত | ৫০৯৬৪৮৮৪৫/= |
| ১৬ | ইমপ্লয়ী বেনিফিট | ৮৬৪০৬৮৮৩০/= |
| ১৭ | সেলফ ইনস্যুরেন্স রিজার্ভ | ০০ |
| ১৮ | মোট অন্যান্য দীর্ঘ মেয়াদী দায় (১৫-১৭ পর্যন্ত) | ১৩৭৩৭১৭৬৭৬/= |
| | **চলতি ও পরিশোধযোগ্য দায়** | |
| ১৯ | হিসাব খাতে দেনা | ৩৪০৯৩২৯১৫/= |
| ২০ | সেচ অগ্রীম | ০০ |
| ২১ | এক্রুড ট্যাক্স | ০০ |
| ২২ | সময় উর্ত্তীণ সুদ | ২৪৪৭৭৭২৮৮/= |
| ২৩ | সময় উর্ত্তীণ দীর্ঘ মেয়াদী ঋণের কিস্তি | ৪৫৮২৮৪৫৪৪/= |
| ২৪ | অন্যান্য চলতি ও পরিশোধযোগ্য দায় | ৪৯৫৩৮৯২১/= |
| ২৫ | মোট চলতি ও পরিশোধযোগ্য দায় (১৯-২৪ পর্যন্ত) | ১০৯৩৫৩৩৬৬৯/= |
| | **ডেফার্ড ক্রেডিট** | |
| ২৬ | নিরাপত্তা অগ্রীম ও জমা | ৪০৯৫৬২৬/= |
| ২৭ | গ্রাহক অগ্রীম নির্মাণ, পুনর্বাসন ও পুনঃনির্মাণ | ০০ |
| ২৮ | অন্যান্য ডেফার্ড ক্রেডিট | ১৭১৫১৬৯৪৭৪/= |
| ২৯ | মোট ডেফার্ট ক্রেডিট (২৬-২৮ পর্যন্ত) | ১৭১৯২৬৫১০০/= |
| ৩০ | মোট দায় ও অন্যান্য দেনা (০৯+১৪+১৮+২৫+২৯) | ১৪৫৯৯২২৩৫১৪/= |

পরিশেষে সমিতির কর্মকাণ্ডে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করে শেষ করছি।
জয় বাংলা।

**প্রমীলা রানী রায়**
কোষাধ্যক্ষ, সমিতি বোর্ড
ঠাকুরগাঁও পবিস



# "জেনারেল ম্যানেজারের প্রতিবেদন"

"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ৩৫ তম বার্ষিক সদস্য সভায় সম্মানিত সভাপতি, সমিতি বোর্ডের সম্মানিত পরিচালকমণ্ডলী ও মহিলা পরিচালকবৃন্দ, উপস্থিত সম্মানিত গ্রাহক-সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও অন্যান্য সংস্থার কর্মকর্তাগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও সুধীমণ্ডলী, আসসালামু আলাইকুম। বসন্তের এই রৌদ্রোজ্জ্বল সকালে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর বার্ষিক সাধারন সভায় উপস্থিত হয়ে এ অনুষ্ঠানকে প্রাণবন্ত ও সাফল্যমণ্ডিত করে তোলার জন্য সমিতি ব্যবস্থাপনার পক্ষ থেকে আপনাদের সকলকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

**উপস্থিত সুধীবৃন্দ,**
ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারির শেষ দিনে ভাষার জন্য আত্মদানকারী ও আত্মোৎসর্গকারী শহীদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি।

**সম্মানিত গ্রাহক-সদস্য ও সুধীমণ্ডলী,**
গ্রাম ও শহরের পার্থক্য দূরীকরণ এবং গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে "লাভ নয়-লোকসান নয়" এই নীতিমালার ভিত্তিতে ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা নিয়ে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৮৭ সালের ১৮ ফেব্রুয়ারি বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম শুরু করে ডিসেম্বর/২০২৩ খ্রি. পর্যন্ত ৫,৫১,৯২৪ টি আবাসিক, ৪৩,৯৭৭ টি বাণিজ্যিক, ৫,০৩৮ টি শিল্প, ১৬,২২৯ টি সেচ এবং অন্যান্য ১১,২৬৫ টি সহ সর্বমোট ৬,২৮,৪৩৩ টি বিভিন্ন শ্রেণির গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে সমিতির বিভিন্ন স্থানে ২৪ টি অফিসের আওতায় ১৯ টি উপকেন্দ্র দ্বারা ১১৪ টি ফিডারের মাধ্যমে ১৩,৪২৯ কিলোমিটার লাইন নির্মাণপূর্বক সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সেবা প্রদান করা হয়। এছাড়া সেচ, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পে বিদ্যুৎ সংযোগের ফলে গ্রামীণ জনপদে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে।

**সম্মানিত সুধীমণ্ডলী,**
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ইতোমধ্যে সমিতির অন্তর্ভুক্ত সকল উপজেলাকে শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতি জাতীয় গ্রীড থেকে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহকদের মাঝে বিতরণ করে থাকে। আপনাদের থেকে প্রাপ্ত বিদ্যুৎ বিলের অর্থেই ক্রয়কৃত বিদ্যুতের মূল্য পরিশোধসহ সকল ব্যয় নির্বাহ করা হয়। বর্তমানে বিভিন্ন ব্যাংক অথবা এজেন্ট ব্যাংক এর পাশাপাশি টেলিটক, বিকাশ, রকেট ও উপায় এর মাধ্যমে বিল পরিশোধ করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। আপনাদেরকে নির্ধারিত তারিখের মধ্যে জরিমানা ছাড়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করছি। ইদানিং ট্রান্সফরমার চুরির হার অত্যধিক বৃদ্ধি পেয়েছে। সমিতির জনবল এবং আইন প্রয়োগকারী সংস্থার পক্ষে চুরি রোধ করা খুবই কষ্টসাধ্য ব্যাপার, তাই সর্বস্তরের জনগনকে চুরি প্রতিরোধে সহায়তা করার জন্য বিনীত অনুরোধ করছি। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং নিরাপত্তার স্বার্থে বিদ্যুৎ লাইনের উভয় পার্শ্বে ১০ ফুট করে গাছের ডালপালা কাটতে সমিতির লোকজনকে সহায়তা করবেন, এই প্রত্যাশা রইল। একই সাথে লাইনের নিচে এবং লাইন সংলগ্ন স্থানে গাছপালা না লাগানোর জন্য অনুরোধ করা হলো।


**সম্মানিত উপস্থিতি,**
আমরা গ্রাহক সেবা নিশ্চিত করণের জন্য হাট-বাজার, স্কুল-কলেজ, ইউনিয়ন পরিষদ এবং বিভিন্ন প্রতিষ্ঠানে গণশুনানী, উঠান বৈঠক, নিরাপদ বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ সভা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণ সভার আয়োজন করছি। এছাড়াও অন-লাইন প্লাটফর্ম জুম ও ফেসবুক লাইভ এর মাধ্যমে উক্ত সভাগুলোর কার্যক্রম চলমান রয়েছে। এতে করে গ্রাহক সচেতনতা বৃদ্ধি পাচ্ছে, পল্লী বিদ্যুৎ সমিতি সম্পর্কে গ্রাহকবৃন্দ তাদের সু-চিন্তিত মতামত ও বিদ্যুৎ সম্পর্কিত বিভিন্ন সমস্যা ও অভিযোগ জানাতে পারছেন এবং গ্রাহকদের সমস্যা দ্রুত সমাধান করা সম্ভব হচ্ছে। সমিতি পরিচালনায় আপনাদের যে কোন ভাল পরামর্শ গ্রহণ করতে আমরা সদাপ্রস্তুত। আপনাদের নিকট হতে সমিতি পরিচালনায় সু-পরামর্শ কামনা করছি।


**সম্মানিত সুধী,**
সমিতির ক্রমবর্ধমান সাফল্যের পিছনে রয়েছে বাপবিবোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের যুগোপযোগী, প্রত্যক্ষ ও সু-নিপুণ নির্দেশনা। আমি কৃতজ্ঞতার সাথে তাঁর সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রাখা এবং সার্বিক সহযোগীতা প্রদানের জন্য জেলা প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনীর সম্মানিত সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, গ্রাহক-সদস্য, সমিতি বোর্ড ও রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দসহ সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট সমিতি ব্যবস্থাপনার পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। ঠাকুরগাঁও পল্লী বিদুৎ সমিতির উত্তরোত্তর সমৃদ্ধি ও সকলের মঙ্গল, সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে প্রতিবেদন পাঠ শেষ করছি। মহান আল্লাহ আমাদের সকলের সহায় হোন। খোদা হাফেজ।


জয় বাংলা

**মো: মাহফুজুর রহমান**
জেনারেল ম্যানেজার (চ:দা:)
ঠাকুরগাঁও পবিস


# গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি



# স্থিরচিত্রে সমিতির কর্মকাণ্ড




ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ৩৪ তম বার্ষিক সদস্য সভা ২০২২ এর একাংশ।




ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি পরিদর্শনকালে সদর দপ্তর ক্যাম্পাসে আমলকী গাছের চারা রোপণ করেন জনাব দেবাশীষ চক্রবর্তী, সদস্য (বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।




বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) জনাব মোঃ হোসেন পাটোয়ারী ঠাকুরগাঁও পবিসের আওতাধীন এলাকায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নির্বাহী পরিচালক জনাব খালেদা পারভীন ঠাকুরগাঁও পবিসের বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত চা ফ্যাক্টরী পরিদর্শন করেন।



কেপিআইভূক্ত প্রতিষ্ঠান হিসেবে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিরাপত্তা ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করেন ঠাকুরগাঁও জেলার পুলিশ সুপার জনাব উত্তম প্রসাদ পাঠক।




"সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ" প্রকল্প বাস্তবায়নে গ্রাহক সচেতনতা বৃদ্ধি এবং গ্রাহক উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ঠাকুরগাঁও পবিসের পক্ষ থেকে মোটিভেশন সভার আয়োজন করা হয়।

# স্থিরচিত্রে সমিতির কর্মকাণ্ড



ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাভুক্ত পীরগঞ্জ-২ উপকেন্দ্রের আনুষ্ঠানিক কমিশনিং এর খণ্ডচিত্র।




ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর উপকেন্দ্র রক্ষণাবেক্ষণ কাজের প্রস্তুতির স্থিরচিত্র।



মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষ্যে ক্রীসকপ, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার একাংশ।




ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে অফিস প্রাঙ্গণে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান।



ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে অফিস প্রাঙ্গণে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করা হয়।




ঠাকুরগাঁও জেলার গিলাবাড়ী আদর্শ উচ্চ বিদ্যালয় এ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক আয়োজিত নিরাপদ বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ সভার একাংশ।

# সিটিজেন চার্টার

## এক অবস্থানের সেবা

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, জোনাল অফিস এবং সাব-জোনাল অফিসসমূহের এক অবস্থানে সেবা কাউন্টারে নতুন বিদ্যুৎ সংযোগ, বিদ্যুৎ বিভ্রাট/ বিল/ মিটার সংক্রান্ত অভিযোগ, নাম পরিবর্তন, লোডবৃদ্ধিসহ সকল ধরনের অভিযোগ/ আবেদন জানানো যাবে এবং এতদসংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যাবে।

## বিদ্যুৎ বিল সংক্রান্ত অভিযোগ

বিদ্যুৎ বিল সংক্রান্ত অভিযোগ যেমনঃ চলতি মাসের বিল পাওয়া যায়নি, বকেয়া বিল, অতিরিক্ত বিল, বিদ্যুৎ বিল সংক্রান্ত এসএমএস পাওয়া যায়নি ইত্যাদির জন্য "এক অবস্থানে সেবা কাউন্টার" এ যোগাযোগ করলে তাৎক্ষণিকভাবে সমাধান সম্ভব হলে তা নিস্পত্তি করা হবে। অন্যথায় একটি নিবন্ধন নম্বর দিয়ে পরবর্তীতে যোগাযোগের সময় জানিয়ে দেয়া হবে এবং পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে নিস্পত্তির ব্যবস্থা নেয়া হবে।

## নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন সংক্রান্ত বিদ্যুৎ বিভাগের নির্দেশনা

**ভবনের ছাদে কমপক্ষে ১০০০ বর্গফুট জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রেঃ**

**১। আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে :**

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে গ্রাহক আগ্রহী হলে রুপটপ সোলার সিস্টেম স্থাপন করতে পারবে এবং

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিঃওঃ বা তদূর্ধ্বে লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

**২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহকের ক্ষেত্রে :**

ক) ১০ বা তদূর্ধ্ব কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত বিদ্যুৎ গ্রাহকগণের অনুমোদিত লোডের ১০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে।

খ) অনূর্ধ্ব ১০ কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকগণ আগ্রহী হলে রুপটপ সোলার সিস্টেম বসাতে পারবেন এবং স্থাপিত সিস্টেমের ক্ষমতা ১ কিলোওয়াটের (১০০০ ওয়াট) বেশি হলে নেট মিটারিং নির্দেশিকা অনুসরণে তা করতে হবে।

**৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে :**

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে প্রতিষ্ঠান আগ্রহী হলে সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াটের (১০০০ ওয়াট) নেট মিটারিং সিস্টেম স্থাপন করতে হবে।

৪। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

## গ্রাহকের নাম পরিবর্তন পদ্ধতি

গ্রাহক ক্রয়সূত্রে/ওয়ারিশসূত্রে/লিজসূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে সকল দলিলের সত্যায়িত ফটোকপি/ওয়ারিশ কায়েমপত্র/মালিকানা সনদপত্র ও সর্বশেষ পরিশোধিত বিলের কপি, ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবিসহ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর নাম পরিবর্তনের আবেদন করতে হবে। সরেজমিনে তদন্ত করে নাম পরিবর্তনের জন্য নির্ধারিত ফি এবং বিদ্যমান হারে জামানত প্রদান করা সাপেক্ষ্যে ০৭ (সাত) দিনের মধ্যে নাম পরিবর্তন করা হবে।

## লোড বৃদ্ধিকরণ

* লোড বৃদ্ধির জন্য আবেদন ফি সহ আবেদন করতে হবে।
* বর্ণিত লোডের জন্য প্রযোজ্য চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
* লোড বৃদ্ধির জন্য প্রয়োজন অনুযায়ী কিলোওয়াট প্রতি বিদ্যমান হারে জামানত প্রদান করতে হবে।
* অতিরিক্ত লোডের জন্য সার্ভিস তার/ মিটার ও ট্রান্সফরমার পরিবর্তনের প্রয়োজন হলে উক্ত ব্যয় গ্রাহককে বহন করতে হবে।

## কম পাওয়ার ফ্যাক্টরের জন্য অসুবিধাসমূহ

১. নির্দিষ্ট পরিমাণ বৈদ্যুতিক ক্ষমতা সরবরাহ করতে কারেন্ট বেড়ে যায়।
২. প্রয়োজনের অতিরিক্ত কারেন্টের জন্য লাইনে ভোল্টেজ ড্রপ বেড়ে যায় ফলে ভোল্টেজ কম পাওয়া যায়।
৩. প্রয়োজনের অতিরিক্ত কারেন্টের জন্য তারের সাইজ বাড়াতে হয় নতুবা তার পুড়ে যায়।
৪. বিদ্যুতের অপচয় বৃদ্ধি পায়, ফলে অতিরিক্ত বিল পরিশোধ করতে হয়।
৫. সার্কিটের তার, ট্রান্সফরমার, মটর প্রভৃতিতে উত্তাপ জনিত বৈদ্যুতিক শক্তির অপচয় বৃদ্ধি পায়।
৬. বৈদ্যুতিক সরঞ্জামাদির কর্মদক্ষতা ও আয়ু কমে যায়।
৭. কম পাওয়ার ফ্যাক্টরের জন্য বিদ্যুৎ বিলে অতিরিক্ত মাশুল দিতে হয়।
৮. ২০ কিঃ ওঃ বা তদূর্ধ্ব বরাদ্দ প্রাপ্ত লোডের সকল গ্রাহকের অটো পিএফআই ইউনিট স্থাপন করলে পাওয়ার ফ্যাক্টর এর মান সঠিক থাকবে।

## বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবানঃ

* বিদ্যুতের অপচয় রোধে বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করুন;
* দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন ও সূর্যের আলো ব্যবহার করুন;
* মসজিদ, শপিংমল, ডিপার্টমেন্টাল স্টোর ও অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠানে এসি'র তাপমাত্রা ২৫° C এর উপরে রাখুন;
* দোকানপাট, শপিংমল, বিপনী বিতান, পেট্রোল পাম্প ও সিএনজি গ্যাস স্টেশনে প্রয়োজনের অতিরিক্ত বাতির ব্যবহার পরিহার করুন;
* পিক আওয়ারে রি-রোলিং মিল, ওয়াশিং মেশিন, ওয়েল্ডিং মেশিন, ওভেন ও ইস্ত্রির ব্যবহার বন্ধ রাখুন;
* ইজিবাইক, অটো রিক্সা ইত্যাদি অবৈধভাবে চার্জিং হতে বিরত থাকুন;
* অফপিক সময়ে রাত ১১:০০ ঘটিকা হতে পরদিন সকাল ৭:০০ ঘটিকা পর্যন্ত সেচ পাম্প চালান;
* সেচ পাম্পে সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতে Wet & Dry পদ্ধতিতে সেচের ব্যবস্থা গ্রহণ করুন;
* রুম থেকে বের হওয়ার আগে অবশ্যই লাইট ও ফ্যানের সুইচ বন্ধ করুন;
* মনে রাখবেন, এক ইউনিট বিদ্যুৎ উৎপাদন করার চেয়ে এক ইউনিট বিদ্যুৎ সাশ্রয় করা সহজ;

# বিইআরসি কর্তৃক নির্ধারিত ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যমান বিদ্যুতের মূল্যহার

| ক্রমিক নং | গ্রাহকের শ্রেণী | প্রতি ইউনিটের মুল্য (টাকা) | ডিমান্ড চার্জ / কিঃ ওঃ |
|---|---|---|---|
| ০১ | এলটি- এ: আবাসিক | | ৩৫.০০ |
| | (ক) লাইফ লাইনঃ ০-৫০ ইউনিট | ৪.৩৫ | |
| | (খ) প্রথম ধাপঃ ০-৭৫ ইউনিট | ৪.৮৫ | |
| | (গ) দ্বিতীয় ধাপঃ ৭৬-২০০ ইউনিট | ৬.৬৩ | |
| | (ঘ) তৃতীয় ধাপঃ ২০১-৩০০ ইউনিট | ৬.৯৫ | |
| | (ঙ) চতুর্থ ধাপঃ ৩০১-৪০০ ইউনিট | ৭.৩৪ | |
| | (চ) পঞ্চম ধাপঃ ৪০১-৬০০ ইউনিট | ১১.৫১ | |
| | (ছ) ষষ্ঠ ধাপঃ ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১৩.২৬ | |
| ০২ | এলটি -বি: সেচ/ কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৪.৮২ | ৩৫.০০ |
| ০৩ | এলটি-সি-১: ক্ষুদ্র শিল্প | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৯.৮৮ | |
| | অফ- পিক | ৮.৮৮ | |
| | পিক | ১১.৮৫ | |
| ০৪ | এলটি-সি ২ : নির্মাণ | ১৩.৮৯ | ১০০.০০ |
| ০৫ | এলটি-ডি ১ : শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৬.৯৭ | ৫০.০০ |
| ০৬ | এলটি-ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প | ৮.৯১ | ৭৫.০০ |
| ০৭ | এলটি-ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৮.৮৪ | |
| | অফ- পিক | ৭.৯৬ | |
| | সুপার অফ- পিক | ৭.০৮ | |
| | পিক | ১১.০৬ | |
| ০৮ | এলটি-ই: বাণিজ্যিক ও অফিস | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ১১.৯৩ | |
| | অফ- পিক | ১০.৭৩ | |
| | পিক | ১৪.৩১ | |
| ০৯ | এলটি-টি: অস্থায়ী | ১৮.৫২ | ১০০.০০ |

# বিইআরসি কর্তৃক নির্ধারিত বিবিধ চার্জ/ ফি

| | বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | গ্রাহক শ্রেণি/ প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | নতুন সংযোগ এবং লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | এলটি | ক) এক ফেজ | ১০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৩০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ০২ | অস্থায়ী সংযোগের আবেদন ফি | এলটি | ক) এক ফেজ | ২৫০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৫০০.০০ |
| | | এমটি | | ১০০০.০০ |
| ০৩ | বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ/বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | ক) এক ফেজ | ৩০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৮০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ৫০০০.০০ |
| | | ইএইচটি | | ১০০০০.০০ |
| ০৪ | গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ (DC)/গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | ক) এক ফেজ | ২০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৪০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ০৫ | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ | এলটি | ক) এক ফেজ | ২০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৪০০.০০ |
| | | | গ) এলটিসিটি | ৬০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ২০০০.০০ |
| | | ইএইচটি | | ৪০০০.০০ |
| ০৬ | গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ | এলটি | ক) এক ফেজ | ১৫০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৩০০.০০ |
| | | | গ) এলটিসিটি | ৫০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ০৭ | গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে ড্রপ আউট ফিউজ কাট-আউট সহ ট্রান্সফরমার ভাড়া। | সর্বোচ্চ ৩০ দিন | | ০২ টাকা কেভিএ/ দিন |
| | | ৩০ দিন পর থেকে | | ০৪ টাকা কেভিএ/ দিন |

# জরুরী/প্রয়োজনীয় মোবাইল নম্বরসমূহ

| | | | |
|---|---|---|---|
| জেনারেল ম্যানেজার | ০১৭৬৯৪০০০৭৯ | ভূল্লী এরিয়া অফিস, ঠাকুরগাঁও সদর | ০১৭৬৯৪০১৯৩৩ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার (সদর দপ্তর-কারিগরী) | ০১৭৬৯৪০২০৯৩ | গড়েয়া এরিয়া অফিস | ০১৭৬৯৪০১৯২৮ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, পঞ্চগড় জোনাল অফিস | ০১৭৬৯৪০০২৭৪ | ময়দানদিঘী এরিয়া অফিস | ০১৭৬৯৪০৭০৪৬ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, পীরগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০০২৭৩ | অভিযোগ কেন্দ্র, সদর দপ্তর | ০১৭৬৯৪০১৯২৬ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, বালিয়াডাঙ্গী জোনাল অফিস | ০১৭৬৯৪০৭৪৩৩ | অভিযোগ কেন্দ্র, পঞ্চগড় জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩১ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, রুহিয়া জোনাল অফিস | ০১৭০৪১০৬৬৫১ | অভিযোগ কেন্দ্র, পীরগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩০ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, দেবীগঞ্জ জোনাল অফিস | ০১৭০৪১০৬৭৩৮ | অভিযোগ কেন্দ্র, বালিয়াডাঙ্গী জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯২৭ |
| ডেপুটি জেনারেল ম্যানেজার, রাণীশংকৈল জোনাল অফিস | ০১৭০৪১০৬৭৩৭ | অভিযোগ কেন্দ্র, রুহিয়া জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩২ |
| সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন) | ০১৭৬৯৪০০৮১২ | অভিযোগ কেন্দ্র, দেবীগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩৭ |
| সহকারী জেনারেল ম্যানেজার (মানব-সম্পদ) | ০১৭৬৯৪০২৬০১ | অভিযোগ কেন্দ্র, রাণীশংকৈল জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩৪ |
| সহকারী জেনারেল ম্যানেজার (সদস্য সেবা) | ০১৭৬৯৪০০৮১৩ | অভিযোগ কেন্দ্র, বোদা সাব-জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯২৯ |
| সহকারী জেনারেল ম্যানেজার (অর্থ-হিসাব) | ০১৭৬৯৪০০৮১৫ | অভিযোগ কেন্দ্র, আটোয়ারী সাব-জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩৯ |
| সহকারী জেনারেল ম্যানেজার (অর্থ-রাজস্ব) | ০১৭৬৯৪০২৩৯৯ | অভিযোগ কেন্দ্র, হরিপুর সাব-জোনাল অফিস | ০১৭৬৯৪০১৯৩৫ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ইএন্ডসি), সদর দপ্তর | ০১৭৬৯৪০৭০১৭ | ইনচার্জ, নেকমরদ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১৯৩৬ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), সদর দপ্তর | ০১৭৬৯৪০০৮১৪ | ইনচার্জ, ভাউলাগঞ্জ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১৯৪০ |
| সহকারী জেনারেল ম্যানেজার (আই টি-১), সদর দপ্তর | ০১৭০৪১০৬৬৫৩ | ইনচার্জ, লাহিড়ীহাট অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০২২৬৯ |
| সহকারী জেনারেল ম্যানেজার (আই টি-২), সদর দপ্তর | ০১৭১৪১০৫৯২৫ | ইনচার্জ, টেপ্রিগঞ্জ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০২৬২৬ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), বোদা সাব-জোনাল অফিস | ০১৭৬৯৪০০৮১৭ | ইনচার্জ, হরিহরপুর অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১৯৩৮ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), বালিয়াডাঙ্গী জোনাল অফিস | ০১৭৬৯৪০৭৪৩৪ | ইনচার্জ, শিবগঞ্জ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৪৩৫ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), আটোয়ারী সাব-জোনাল অফিস | ০১৭৬৯৪০৭৫৬৮ | ইনচার্জ, নয়াদিঘী অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৪৩৬ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), হরিপুর সাব-জোনাল অফিস | ০১৭০৪১০৬৭৩৯ | ইনচার্জ, দেবনগর অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৪৩৭ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), পঞ্চগড় জোনাল অফিস | ০১৭৬৯৪০০৮১৬ | ইনচার্জ, বৈরচুনা অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৫৭০ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), পীরগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০২০৪১ | ইনচার্জ, টুনিরহাট অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৫৬৯ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), রুহিয়া জোনাল অফিস | ০১৭০৪১০৬৬৫২ | ইনচার্জ, ফুলবাড়ি অভিযোগ কেন্দ্র | ০১৭১৪১০৫৯২৪ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), দেবীগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০৭৫৬৭ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঠাকুরগাঁও পবিস | ০১৭৬৯৪০০৮১৩ |
| সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), রাণীশংকৈল জোনাল অফিস | ০১৭৬৯৪০২২৭০ | সেচ কন্ট্রোল রুম, ঠাকুরগাঁও পবিস | ০১৭৬৯৪০০৮১৩ |
| | | হট লাইন নাম্বার , ঠাকুরগাঁও পবিস | ০১৭৬৯৪০২৬০৪ |

## বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ

ঝড়-বৃষ্টির মৌসুমে বড় গাছ,গাছের ডালপালা, বাঁশ ইত্যাদি বৈদ্যুতিক লাইনের উপর পরার ফলে লাইনের তার ছেড়াসহ বিদ্যুৎ বিভ্রাট ও জানমালের ক্ষতি হতে পারে। এই কারণে ছেড়া তারে হাত না দিয়ে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট অভিযোগ কেন্দ্রের মোবাইল নাম্বারে অথবা নিচের নাম্বারে জানানোর জন্য অনুরোধ করা হলোঃ

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: মাহমুদুল হাসান মেহেদী | সহকারী জেনারেল ম্যানেজার (সদস্য সেবা) (অ:দা:) | ০১৭৬৯৪০০৮১৩ |
| ০২ | জনাব মো: ওয়ারেছ আলী সরকার | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর | ০১৭৬৯৪০২৬০৩ |
| ০৩ | জনাব মো: জাহাঙ্গীর আলম | জুনিয়র ইঞ্জিনিয়ার | ০১৭০৪১০৬৪৯৭ |
| ০৪ | জনাব রবিউল ইসলাম | এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর | ০১৭০৪১০৬৪৯৮ |
| ০৫ | জনাব মো: আবতাবুর রহমান | হিসাব রক্ষক | ০১৭০৪১০৬৪৯৯ |

**বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

বিদ্যুৎ সেবা প্রাপ্তিতে আপনার
যেকোন অভিযোগ বা তথ্যের জন্য
বিদ্যুৎ বিভাগের হট লাইন নং
**১৬৯৯৯**
এ যোগাযোগ করুন

**ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি**

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**

বিদ্যুৎ সেবা প্রাপ্তিতে আপনার
যেকোন অভিযোগ বা তথ্যের জন্য
বাপবিবোর্ডের হট লাইন নং
**১৬৮৯৯**
এ যোগাযোগ করুন

**ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি**

# বিদ্যুৎ বিল সংগ্রহকারী ব্যাংকসমূহের তালিকা

***সদর দপ্তরের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | বেগুনবাড়ী শাখা | ১১ | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও শাখা |
| ২ | ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও শাখা | ১২ | পুবালী ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও শাখা |
| ৩ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | আউলিয়াপুর শাখা | ১৩ | পুবালী ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও রোড শাখা |
| ৪ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ভেলাজান শাখা | ১৪ | রুপালী ব্যাংক লিঃ | ভুল্লী শাখা |
| ৫ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | নারগুন/বড় খোচাবড়ী শাখা | ১৫ | প্রাইম ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও শাখা |
| ৬ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | মাদারগঞ্জ শাখা | ১৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ঠাকুরগাঁও শাখা |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | কার্তিকতলা শাখা | ১৭ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | গড়েয়া |
| ৮ | জনতা ব্যাংক লিঃ | স্টেশন রোড শাখা | ১৮ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | শিবগঞ্জ |
| ৯ | অগ্রণী ব্যাংক লিঃ | মুন্সিরহাট শাখা | ১৯ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | ভাউলার হাট |
| ১০ | ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | ভুল্লী শাখা | | | |

***বালিয়াডাঙ্গী জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | চাড়োল শাখা | ৪ | অগ্রণী ব্যাংক লিঃ | বালিয়াডাঙ্গী শাখা |
| ২ | জনতা ব্যাংক লিঃ | লাহিড়ী হাট শাখা | ৫ | পুবালী ব্যাংক লিঃ | নেকমরদ শাখা |
| ৩ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | স্কুল হাট শাখা বালিয়াডাঙ্গী | ৬ | রুপালী ব্যাংক লিঃ | বালিয়াডাঙ্গী শাখা |

***পঞ্চগড় জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | হাড়িভাষা শাখা | ৭ | ডাচবাংলা ব্যাংক লিঃ | পঞ্চগড় শাখা |
| ২ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ঝলইশালসিড়ি শাখা | ৮ | অগ্রণী ব্যাংক লিঃ | টুনিরহাট শাখা |
| ৩ | ব্যাংক এশিয়া | পঞ্চগড় শাখা | ৯ | অগ্রণী ব্যাংক লিঃ | চাকলাহাট শাখা |
| ৪ | পুবালী ব্যাংক লিঃ | পঞ্চগড় শাখা | ১০ | অগ্রণী ব্যাংক লিঃ | জগদ্দলহাট শাখা |
| ৫ | উত্তরা ব্যাংক লিঃ | পঞ্চগড় শাখা | ১১ | অগ্রণী ব্যাংক লিঃ | শালবাহান শাখা |
| ৬ | অগ্রণী ব্যাংক লিঃ ( এজেন্ট ব্যাংক) | ভজনপুর শাখা | ১২ | রূপালী ব্যাংক লিঃ | ময়দানদিঘী শাখা |

***দেবীগঞ্জ জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | দেবীগঞ্জ শাখা | ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | লক্ষীরহাট শাখা |
| ২ | জনতা ব্যাংক লিঃ | দেবীগঞ্জ শাখা | ৮ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | সোনাহার শাখা |
| ৩ | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | দেবীগঞ্জ শাখা | ৯ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | কালীগঞ্জ শাখা |
| ৪ | ন্যাশনাল ব্যাংক লিঃ | ভাউলাগঞ্জ বাজার শাখা | ১০ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | কালীগঞ্জ শাখা |
| ৫ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | সোনাহার বাজার | ১১ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | ভাউলাগঞ্জ বাজার |
| ৬ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ) | কালীগঞ্জ শাখা | ১২ | জনতা ব্যাংক লিঃ | ফুলবাড়ী শাখা |

***পীরগঞ্জ জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | জনতা ব্যাংক লিঃ | পীরগঞ্জ শাখা | ৫ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ভাবনাগঞ্জ শাখা |
| ২ | অগ্রণী ব্যাংক লিঃ | পীরগঞ্জ শাখা | ৬ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | পীরগঞ্জ শাখা |
| ৩ | পুবালী ব্যাংক লিঃ | পীরগঞ্জ শাখা | ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | গোগর হাট শাখা |
| ৪ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ভোমরাদাহ শাখা | ৮ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | করনাই হাট |

***রাণীশংকৈল জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | জনতা ব্যাংক লিঃ | রাণীশংকৈল শাখা | ৪ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ধর্মগড় শাখা |
| ২ | অগ্রণী ব্যাংক লিঃ (দুয়ার) | রাণীশংকৈল শাখা | ৫ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | নেকমরদ |
| ৩ | পুবালী ব্যাংক লিঃ | নেকমরদ শাখা | | | |

***রুহিয়া জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ফাড়াবাড়ী শাখা | ৩ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | রুহিয়া শাখা |
| ২ | জনতা ব্যাংক লিঃ | রুহিয়া শাখা | ৪ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | আখানগর বাজার শাখা |

***বোদা সাব- জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | সাকোয়া শাখা | ৬ | জনতা ব্যাংক লিঃ | বলরামপুর শাখা |
| ২ | এন আর বি সি | বোদা শাখা | ৭ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | পাচপীর |
| ৩ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | বোদা শাখা | ৮ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | সাকোয়া শাখা |
| ৪ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | সাতখামার বোদা | ৯ | ইসলামী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | সাকোয়া শাখা |
| ৫ | ইউসিবিএল | বোদা শাখা | ১০ | ব্যাংক এশিয়া | বোদা শাখা |

***আটোয়ারী সাব- জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | জনতা ব্যাংক লিঃ | আটোয়ারী শাখা | ৪ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | মির্জাপুর শাখা |
| ২ | অগ্রণী ব্যাংক লিঃ | আটোয়ারী শাখা | ৫ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | তড়েয়া শাখা |
| ৩ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | আটোয়ারী শাখা | | | |

***হরিপুর সাব- জোনাল অফিসের আওতায় ব্যাংকের শাখা সমূহ***

| ক্র.নং | ব্যাংকের নাম | শাখা | ক্র.নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | চৌরঙ্গী শাখা | ৪ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | যাদুরানী বাজার শাখা |
| ২ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | যাদুরানী শাখা | ৫ | অগ্রণী ব্যাংক লিঃ (এজেন্ট ব্যাংক) | কাঠালডাংগী বাজার শাখা |
| ৩ | অগ্রণী ব্যাংক লিঃ | হরিপুর শাখা | | | |

এছাড়াও টেলিটক, বিকাশ, রকেট ও উপায় এর মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করা যায়।

"আর নয় লম্বা লাইন, বিদ্যুতের বিল এখন অনলাইন"

# বিদ্যুৎ আইন

## বিদ্যুৎ/বৈদ্যুতিক সরঞ্জাম চুরি/ধ্বংস/ক্ষতিসাধন এর কারণে ইলেকট্রিসিটি এ্যাক্ট এর বিধান অনুযায়ী শাস্তি/জরিমানার বিবরণ (সূত্রঃ গেজেট ১২ ফেব্রুয়ারী ২০১৮ মোতাবেক)

| সেকশন | অপরাধের বিবরণ | শাস্তি / দণ্ড |
|---|---|---|
| ধারা-৩২ (১) | অসাধু উপায়ে বাসগৃহ বা কোন স্থানে ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করিলে | অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুতের মূল্যের দ্বিগুন অথবা ৫০ হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩২ (২) | অসাধু উপায়ে শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করিলে | অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুতের মূল্যের দ্বিগুন অথবা ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৩ (১) | অবৈধভাবে লাইসেন্সির বিদ্যুৎ সংযোগে কোন যন্ত্র, ডিভাইস বা কৃত্রিম পদ্ধতি স্থাপন বা ব্যবহার করিলে | অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৩-(২) | অবৈধভাবে বাসগৃহে কোন যন্ত্র, ডিভাইস বা কৃত্রিম পদ্ধতি স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ গ্রহন, ভোগ বা ব্যবহার করিলে | অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৪ | অসৎ উদ্দেশ্যে বিদ্যুৎ অপচয় করিলে বা বিদ্যুতের সরবরাহ ঘুরাইয়া দিলে অথবা বিদ্যুৎ সরবরাহ বন্ধ করিবার উদ্দেশ্যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন পূর্তকর্ম কাটিয়া দিলে বা ক্ষতিগ্রস্ত করিলে | অন্যূন ০১ (এক) বৎসর এবং অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৫ | বৈদ্যুতিক যন্ত্রপাতি চুরি, অপসারন বা বিনষ্ট করিলে | অন্যূন ০২ (দুই) বৎসর এবং অনধিক ০৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড এবং অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার এবং অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৬ | বৈদ্যুতিক চুরিকৃত মালামাল দখলে রাখিলে | অনধিক ০২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫০ হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৭ | বিদ্যুৎ সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ বা কোন ত্রুটিযুক্ত বিদ্যুৎ লাইন স্থাপন করিলে | অনধিক ০১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৮ (ক) | লাইসেন্সির অনুমতি ব্যতিত বিদ্যুৎ সরবরাহ লাইনে মিটার সংযোগ বা বিচ্ছিন্ন অথবা অন্য কোন যন্ত্র স্থাপন করিলে | অনধিক ০৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৮-(খ) | বিদ্যুতের অনুমতি ব্যতিত ব্যবহার বা পার্শ্ব সংযোগ প্রদান করিলে | |
| ধারা-৩৮-(গ) | ইচ্ছাকৃত বা প্রতারণামূলকভাবে মিটারের ক্ষতিসাধন বা ইন্ডেক্স পরিবর্তন করিলে | |
| ধারা-৩৮-(ঘ) | লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের উচ্চতর হার পদ্ধতির পরিবর্তে নিম্নতম হার পদ্ধতিতে বিদ্যুৎ ব্যবহার করিলে বা কোন যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ কাজে বিঘ্ন সৃষ্টি করিলে | |
| ধারা-৩৯ (ক) | বিদ্যুৎ কেন্দ্র, উপকেন্দ্র, লাইন, খুঁটি বা অন্যবিধ যন্ত্রপাতি নাশকতার মাধ্যমে ভাঙ্গিয়া বা ক্ষতিগ্রস্ত বা বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্ত করিবার উদ্দেশ্যে লাইন বা যন্ত্রের উপর কোন বস্তু রাখিলে বা নিক্ষেপ করিলে | অন্যূন ০৭ (সাত) বৎসর এবং অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) কোটি টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |
| ধারা-৩৯ (খ) | লাইসেন্সির অনুমতি ব্যতিরেকে বিদ্যুৎ কেন্দ্র, উপকেন্দ্র, লাইন, খুঁটি বা অন্যবিধ যন্ত্রপাতি ব্যবহার করিলে অবহেলাবশত ভাঙ্গিয়া ফেলিলে বা ক্ষতিগ্রস্ত করিলে বা বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্ত করিবার উদ্দেশ্যে লাইন বা যন্ত্রের উপর কোন বস্তু রাখিলে বা নিক্ষেপ করিলে | অনধিক ০১ (এক) বৎসর কারাদণ্ড অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। |

## মানুষের কল্যাণের জন্য আইন